গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪২৭

তারিখ: ১৭ চৈত্র ১৪২৬
৩১ মার্চ ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমূদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**আজ ৩১ মার্চ ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
দেশের অভ্যন্তরীণ নদী-বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

**আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ** পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং হিমালয়ের পাদ-দেশীয় পশ্চিমবঙ্গ এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

**পূর্বাভাসঃ** অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

**তাপপ্রবাহ:** ফরিদপুর, তাকুন্ড ও রাঙ্গামাটি কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থেকে বিস্তার লাভ করতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। দেশের উত্তরাঞ্চলের রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং দেশের অন্যত্র তা সামান্য হ্রাস পেতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): এ সময়ের শেষের দিকে বৃষ্টি/বজ্রবৃষ্টি পাতের প্রবণতা রয়েছে।**
**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৪.৮ | ৩৩.০ | ৩৭.০ | ৩৪.৫ | ৩৫.১ | ৩৩.১ | ৩৫.৮ | ৩৫.২ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৮.০ | ১১৭.০ | ১৬.৫ | ১৩.৩ | ১৬.৫ | ১৫.৪ | ১৭.০ | ১৯.৫ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাঙ্গামাটি ৩৭.০$^{o}$ এবং আজকের সর্বনিম্ন শ্রীমংগল ১৩.৩$^{o}$ সেঃ।

**অগ্নিকান্ড:**
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৯/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ৩০/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৬৪ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ১০ | ৩ | ০ |
| ২। | ময়মনসিংহ | ৫ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ২ | ০ | ০ |
| ৪। | সিলেট | ৪ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৬ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৯ | ০ | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮। | খুলনা | ২৭ | ০ | ০ |
| | **মোট** | **৬৪** | **৩** | **০** |

**উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):**

**১। ঢাকাঃ** ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান যে, গত ২৯.০৩.২০২০ তারিখ রাত ১১.৪৫ ঘটিকায় শ্যামলপল্লী আবাসিক এলাকা মিরপুর-১৩, ঢাকা এলাকার একটি বাসাবাড়ীতে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ১টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছায়। কিন্তু ফায়ার সার্ভিসের ইউনিট পৌঁছানোর আগেই আগুন নিভে যায়। অগ্নিকান্ডে জাকির হোসেন (৪৫), রানি বেগম (৩৫) এবং জিহাদ (১৬) নামের তিনজন আহত হয়েছে।

**করোনা ভাইরাস সংক্রান্ত তথ্যঃ**

**১।	বিশ্ব পরিস্থিতিঃ**

**গত ১১/০৩/২০২০ খ্রিঃ তারিখ জেনেভাতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর হতে বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতিকে বিশ্ব মহামারী ঘোষনা করা হয়েছে। সারা বিশ্বে কোভিড-১৯ রোগটি বিস্তার লাভ করেছে। এ রোগে বহুলোক ইতোমধ্যে মৃত্যুবরণ করেছে। কয়েক লক্ষ মানুষ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। আগামী দিনগুলোতে এর সংখ্যা আরো বাড়ার আশংকা রয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার ৩০/০৩/২০২০ খ্রিঃ তারিখ এর করোনা ভাইরাস সংক্রান্ত** Situation Report **অনুযায়ী সারা বিশ্বের কোভিড-১৯ সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ**

| ক্রঃ নং | বিবরণ | বিশ্ব | দক্ষিণ-পূর্ব এশিয়া |
|---|---|---|---|
| ০১ | মোট আক্রান্ত | ৬,৯৩,২২৪ | ৪,০৮৪ |
| ০২ | ২৪ ঘন্টায় নতুন আক্রান্তের সংখ্যা | ৫৮,৪১১ | ৩৭৫ |
| ০৩ | মোট মৃত ব্যক্তির সংখ্যা | ৩৩,১০৬ | ১৫৮ |
| ০৪ | ২৪ ঘন্টায় নতুন মৃত্যুর সংখ্যা | ৩,২১৫ | ১৯ |

**২।	বাংলাদেশ পরিস্থিতিঃ**

স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ্ ইমার্জেন্সী অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম এবং প্রধানমন্ত্রীর দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় ও ত্রাণ তৎপরতা মনিটরিং সেল হতে প্রাপ্ত তথ্য নিম্নে প্রদান করা হলোঃ

**(ক)** বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী (৩০/০৩/২০২০খ্রিঃ):

| | গত ২৪ ঘন্টা | অদ্যাবধি |
|---|---|---|
| কোভিড-১৯ পরীক্ষা হয়েছে এমন ব্যক্তির সংখ্যা | ১৫৩ | ১,৩৩৮ |
| পজিটিভ রোগীর সংখ্যা | ০১ | ৪৯ |

**(খ)** বাংলাদেশে করোনা ভাইরাস (কোভিড-১৯) এ মৃত্যু, আইসোলেশন ও কোয়ারেন্টাইন সংক্রান্ত তথ্য (**গত ১০/০৩/২০২০ খ্রিঃ ৩০/০৩/২০২০ খ্রিঃ তারিখ**):

| বিষয় | সংখ্যা (জন) |
|---|---|
| কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তির মধ্যে রিকোভারিপ্রাপ্ত রোগীর সংখ্যা | ১৯ |
| কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তির মৃত্যুর সংখ্যা | ০৫ |
| | |
| মোট আইসোলেশনেআছেন এমন ব্যক্তির সংখ্যা | ৫২ |
| আইসোলেশন হতে ছাড়প্রাপ্ত ব্যক্তির সংখ্যা | ২০ |
| বর্তমানে আইসোলেশনে থাকা ব্যক্তির সংখ্যা | ৩২ |
| | |
| মোট কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তির সংখ্যা | ৫৭,৩৫৪ |
| কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তির সংখ্যা | ৩৩,৯৮৮ |
| বর্তমানে কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তির সংখ্যা | ২৩,৩৬৬ |

| | |
|---|---|
| | |
| মোটহোম কোয়ারেন্টাইনেথাকা ব্যক্তির সংখ্যা | ৫৭,১৩৩ |
| হোম কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তির সংখ্যা | ৩৩,৮৯৫ |
| বর্তমানে হোম কোয়ারেন্টাইনরতব্যক্তিরসংখ্যা | ২৩,২৩৮ |
| | |
| হাসপাতালে কোয়ারেন্টাইনথাকা ব্যক্তিরসংখ্যা | ২২১ |
| হাসপাতাল কোয়ারেন্টাইনহতে ছাড়পত্রপ্রাপ্ত ব্যক্তিরসংখ্যা | ৯৩ |
| বর্তমানে হাসপাতাল কোয়ারেন্টাইনেথাকা ব্যক্তির সংখ্যা | ১২৮ |

**(গ)** বাংলাদেশে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (৩০/০৩/২০২০খ্রিঃ):

| বিষয় | ২৪ ঘন্টায় সর্বশেষ পরিস্থিতি | গত ২১/০১/২০২০ থেকে অদ্যবধি |
|---|---|---|
| মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ৪৫৮ | ৬,৬৫,৭৫৪ |
| এ পর্যন্ত দেশের ৩টি আন্তর্জাতিক বিমান বন্দরে বিদেশ থেকে আগত স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ২৩ | ৩,২২,৩৪৩ |
| দু'টি সমূদ্র বন্দরে (চট্টগ্রাম সমুদ্র বন্দর ও মংলা সমূদ্র বন্দর) স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ২৪৩ | ১০,৮৯৩ |
| ঢাকা ক্যান্টনমেন্ট ও বেনাপোল রেলওয়ে স্টেশনে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ০ | ৭,০২৯ |
| অন্যান্য চালু স্থলবন্দরগুলোতে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ১৯২ | ৩,২৫,৪৮৯ |

**(ঘ)** বাংলাদেশে নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে কোয়ারেন্টাইন এবং আইসোলোশনের প্রতিবেদন (বিভাগওয়ারী তথ্য ৩০/০৩/২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৮ টার পূর্বের ২৪ ঘন্টার তথ্য):

| ক্রঃ নং | বিভাগের নাম | ২৪ ঘন্টায় (পূর্বের দিন সকাল ০৮ ঘটিকা থেকে অদ্য সকাল ০৮ ঘটিকা পর্যন্ত) | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | কোয়ারেন্টাইন | | | | | | আইসোলেশান | | রোগীর তথ্য | |
| | | হোম কোয়ারেন্টাইন | | হাসপাতাল ও অন্যান্য স্থান | | মোট | | | | | |
| | | হোম কোয়ারেন্টাইনে পাঠানো ব্যক্তি/যাত্রীর সংখ্যা | হোম কোয়ারেছাড়পত্র ন্টাইন হতে প্রাপ্ত ব্যক্তি/যাত্রীর সংখ্যা | কোয়ারেন্টাইনে অবস্থানরত রোগীর সংখ্যা | হাসপাতালে কোয়ারেন্টাইন হতে ছাড়প্রাপ্ত রোগীর সংখ্যা | মোট কোয়ারেন্টাইনরতরোগীর সংখ্যা | মোট কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্য | আইসোলেশনে চিকিৎসাধীন রোগীর সংখ্যা | আইসোলেশন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা | কোভিড-১৯ প্রমানিত রোগীর সংখ্যা | হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা |
| ০১ | ঢাকা | ৬৫৪ | ১২৬৩ | - | ২ | ৬৫৪ | ১২৬৫ | ১ | - | - | - |
| ০২ | ময়মনসিংহ | ২৩৭ | ৩৪৮ | - | - | ২৩৭ | ৩৪৮ | - | - | - | - |
| ০৩ | চট্টগ্রাম | ২৬৭ | ৮২২ | ২ | ৭ | ২৬৯ | ৮২৯ | - | ১ | - | - |
| ০৪ | রাজশাহী | ১৩১ | ৪৬৭ | ৪ | ৩ | ১৩৫ | ৪৭০ | ৭ | - | - | - |
| ০৫ | রংপুর | ৫৫ | ২৭৩ | - | ৬ | ৫৫ | ২৭৯ | ৫ | - | - | - |
| ০৬ | খুলনা | ৩৭২ | ৭৬২ | - | ১ | ৩৭২ | ৭৬৩ | ১ | ৩ | - | - |
| ০৭ | বরিশাল | ১৪ | ১৭৭ | - | - | ১৪ | ১৭৭ | - | - | - | - |
| ০৮ | সিলেট | ৩৪ | ২৯৬ | ১ | ১ | ৩৫ | ২৯৭ | - | - | - | - |
| | সর্বমোট | ১৭৬৪ | ৪৪০৮ | ৭ | ২০ | ১৭৭১ | ৪৪২৮ | ১৪ | ৪ | - | - |

**(ঙ)** বাংলাদেশে নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে কোয়ারেন্টাইন এবং আইসোলোশনের প্রতিবেদন (বিভাগওয়ারী তথ্য, ১০/০৩/২০২০ খ্রিঃ হতে ৩০/০৩/২০২০ খ্রিঃ সকাল ৮ টা পর্যন্ত):

| ক্রঃ নং | বিভাগের নাম | ১০/০৩/২০২০ খ্রিঃ হতে সর্বমোট/অদ্যাবধি | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | কোয়ারেন্টাইন | | | আইসোলেশান | রোগীর তথ্য |
| | | হোম কোয়ারেন্টাইন | হাসপাতাল ও অন্যান্য স্থান | সর্বমোট | | |

| | | হোম কোয়ারেন্টাইনে পাঠানো ব্যক্তি/যাত্রীর সংখ্যা | হোম কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তি/যাত্রীর সংখ্যা | হাসপাতাল কোয়ারেন্টাইনে অবস্থানরত রোগীর সংখ্যা | কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা | সর্বমোট কোয়ারেন্টাইনরতরোগীর সংখ্যা | সর্বমোট কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্য | আইসোলেশনে চিকিৎসাধীন রোগীর সংখ্যা | আইসোলেশন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা | কোভিড-১৯ প্রমানিত রোগীর সংখ্যা | হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ঢাকা | ১৩,৬৮৬ | ৭৯৮৭ | ৯৯ | ৩৩ | ১৩৭৮৫ | ৮০২০ | ৭ | ৩ | - | - |
| ০২ | ময়মনসিংহ | ২৩৫৮ | ১৭৫৫ | ১ | - | ২৩৫৯ | ১৭৫৫ | - | - | - | - |
| ০৩ | চট্টগ্রাম | ১২৪৫৪ | ১১৩৯২ | ৩৬ | ১৭ | ১২৪৯০ | ১১৪০৯ | ৭ | ৭ | - | - |
| ০৪ | রাজশাহী | ৬৮৩৩ | ৩১৯০ | ২১ | ৩ | ৬৮৫৪ | ৩১৯৩ | ৯ | - | - | - |
| ০৫ | রংপুর | ২৯৭৩ | ১৮১৫ | ৯ | ৬ | ২৯৮২ | ১৮২১ | ৭ | - | ৪ | - |
| ০৬ | খুলনা | ১২৯৮৩ | ৪৭০৯ | ৩১ | ২৪ | ১৩০১৪ | ৪৭৩৩ | ১২ | ৭ | ১ | ১ |
| ০৭ | বরিশাল | ২৮১৪ | ১৫২১ | ২ | ১ | ২৮১৬ | ১৫২২ | ৬ | ৩ | - | - |
| ০৮ | সিলেট | ৩০৩২ | ১৫২৬ | ২২ | ৯ | ৩০৫৪ | ১৫৩৫ | ৪ | - | - | - |
| | সর্বমোট | ৫৭১৩৩ | ৩৩৮৯৫ | ২২১ | ৯৩ | ৫৭৩৫৪ | ৩৩৯৮৮ | ৫২ | ২০ | ৫ | ১ |

**৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণায় কর্তৃক গৃহীত কার্যক্রমঃ**

**(ক)** COVID-19 এর হালনাগাদ সংগৃহীত তথ্যের ভিত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাধ্যমে দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন প্রকাশ এবং বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশি কোভিড-১৯ (করোনা ভাইরাস) সংক্রান্ত বিশেষ প্রতিবেদন ১৮/০৩/২০২০ তারিখ হতে প্রতিদিন ২ (দুই) বার এবং দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদনের সাথে দিনে ০১(এক) বার প্রধানমন্ত্রীর কার্যালয়সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়, অধিদপ্তর, পরিদপ্তর, বেসরকারি সংস্থাসমূহে হালনাগাদ তথ্যাদিসহ প্রেরণ করা হচ্ছে।

**(খ)** নভোল করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির প্রেক্ষিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃত ঘোষিত ছুট কালীন সময়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জরুরী দাপ্তরিক কার্যাদি সম্পাদনের জন্য এ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.২১১.১৮.০০২.১৮.২৫৬; তারিখ: ২৩/০৩/২০২০ খ্রিঃ এর মাধ্যমে একটি অফিস আদেশ জারী করা হয়েছে। ২৬/০৩/২০২০ খ্রিঃ তারিখ হতে ০৪/০৪/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্তপ্রতিদিন মন্ত্রণালয়ের জরুরী কার্যাবলী সম্পাদনের জন্য ১০ জন অতিরিক্ত সচিবের নেতৃত্বে নির্ধারিত কর্মকর্তা/কর্মচারীরা দায়িত্ব পালন করছে। এনডিআরসিসি'র কার্যক্রম যথারিতী অব্যাহত রয়েছে।

**(গ)** দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের করোনা ভাইরাস বিস্তার প্রতিরোধ ইতোমধ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করেছেঃ

১। চীন হতে প্রত্যাগত ০১/০২/২০২০ হতে ১৬/০২/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত কোয়ারেন্টাইনে রাখা ৩১২ জনের মধ্যে খাবার, বিছানাপত্রসহ প্রয়োজনীয় ব্যবহার্য সামগ্রী সরবরাহ করা হয়েছে। একই পদ্ধতিতে ১৪/০৩/২০২০ ও ১৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে ইতালি থেকে প্রত্যাগত প্রবাসী নাগরিকদের যথাক্রমে ১৫০, ১৭০ ও ২৪৮ জনের মধ্যে খাবার সরবরাহসহ অন্যান্য ব্যবহার্য লজিস্টিক সার্পোট প্রদান করা হয়েছে।

২। স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত জাতীয় কমিটিতে গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হচ্ছে।

৩। রোহিঙ্গা ও জেনেভো ক্যাম্প এবং বস্তিসমূহে হ্যান্ড স্যানিটাইজার বিতরণসহ করোনা ভাইরাস সম্পর্কে সচেতন করা হচ্ছে।

৪। দুর্যোগ ব্যবস্থাপনায় নিয়োজিত সিপিপি, আরবান ভলান্টিয়ার, বাংলাদেশ স্কাউটসহ অন্যান্য ভলান্টিয়ারদেরকে সচেতনমূলক কাজে নিজস্ব স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সাথে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

৫। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কন্ট্রোল রুম ২৪ × ৭ খোলা রাখা এবং মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্যাদি অনুযায়ি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

৬। এনডিআরসিসি থেকে প্রতি ৪ ঘন্টা পর পর করোনা ভাইরাস সম্পর্কিত প্রতিবেদন প্রকাশ করাসহ সংশ্লিষ্টদের অবহিত করা হচ্ছে।

৭। সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্বেচ্ছাসেবকদের মাধ্যমে জনগণের মধ্যে লিফলেট বিতরণ করা হচ্ছে।

৮। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগ ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়কে হ্যান্ড স্যানিটাইজার প্রস্তুতে সহায়তা করা হচ্ছে।

৯। দেশের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণে মন্ত্রণালয় কর্তৃক কমিটি গঠন ও কার্যক্রম চলমান রয়েছে।

১০। চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় মুহূর্তে মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনার জন্য প্রস্তুতি রয়েছে।

১১। ৩১/০১/২০২০ খ্রিঃ তারিখ হতে আশকোনা স্থায়ী হাজী ক্যাম্পে অবস্থানকালীন খাবার সরবরাহ ও তদারকি করার কাজে সহায়তা করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্মকর্তা/ কর্মচারীগণ নিজস্ব দাপ্তরিক দায়িত্বের অতিরিক্ত এ দায়িত্ব পালন করছেন।

১২। দেশের বিভিন্ন বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যন্ত সচেতনা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে অনুরোধ করা হয়েছে।

১৩। স্বেচ্ছাসেবকদের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় রেখে পিপিই (personal protection equipment) সংগ্রহ করা হচ্ছে।

১৪। করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবিলার জন্য ৬৪টি জেলায় এ পর্যন্ত ৭ কোটি ৫৮ লক্ষ ৭২ হাজার ২৬৪ টাকা জিআর (ক্যাশ) নগদ এবং ২৪ হাজার ৭শত ১৭ মেঃটন জিআর চাল জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে।

১৫।গত ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখ বিকাল ৪.০ টায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ডা. মোঃ এনামুর রহমান, এমপি'র সভাপতিত্বে জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় গ্রুপের একটি সভা এ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী (SOD) এর ৩য় অধ্যায়ের অনুচ্ছেদ ৩.১.৭-এ বর্ণিত ১৭ সদস্য বিশিষ্ট জাতীয় দুর্যোগ সাড়াদান গ্রুপের দায়িত্ব ও কার্যাবলীর ১৮ নম্বর ক্রমিকের নির্দেশনার আলোকে বিশ্বব্যাপী কভিড-১৯ বিস্তার লাভ করায় এবং একে বিশ্ব মহামারী ঘোষণা করায় এ সভা আহ্বান করা হয়। সভায় এ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগের সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়ের সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব, আইএমইডি'র সচিবসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) প্রতিটি জেলায় ডেডিকেটেড হসপিটালসহ প্রয়োজনীয় বিশেষজ্ঞ, ডাক্তার, নার্স, ড্রাইভার, এ্যম্বুলেন্স, ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম (পিপিই) ব্যবস্থা রাখতে হবে।

(২) মানবিক সহয়তা বিতরণের ক্ষেত্রে আইন শৃংখলা রক্ষার্থে পূর্বহ্ণে পুলিশ বিভাগকে অবহিত করতে হবে।

(৩) করোনা ভাইরাস মোকাবিলায় সম্পদ, সেবা জরুরী আশ্রয়কেন্দ্র হিসেবে চিহ্নিত ভবন, যানবহন বা অন্যান্য সুবিধা হুকুম দখল
বা রিকুজিশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে রাখতে হবে।

(৪) করোনা ভাইরাস যেহেতু সংক্রামক ব্যধি সেহেতু ধ্বংসাবশেষ, বর্জ্য অপসারণ, মৃতদেহ ব্যবস্থাপনা, মানবিক সহায়তা ব্যবস্থাপনা, স্বাস্থ্য এবং আশ্রয়কেন্দ্র প্রত্যেকটি ক্ষেত্রে স্বাস্থ্য মন্ত্রণালয়ের গাইডলাইন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(৫) জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত সংবাদটি ব্যপক প্রচারের ব্যবস্থা গ্রহণ।

| ব্রেকিং নিউজ |
|---|
| ক) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ অনুযায়ী স্থানীয় জনপ্রতিনিধি ও স্থানীয় প্রশাসন আপনার পাশে আছেন, প্রয়োজনীয় খাদ্য সহায়তার জন্য যোগাযোগ করুন।<br>খ) সামাজিক দূরত্ব বজায় রাখুন।<br>গ) অতি প্রয়োজন ব্যতিত ঘরের বাহিরে যাওয়া থেকে বিরত থাকুন।<br>ঘ) স্বাস্থ্য বিধি মেনে চলুন।<br>প্রচারেঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। |

**(ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণায় কর্তৃক গৃহীত মানবিক সহায়তা কার্যক্রমঃ**

**(১)** সম্ভাব্য করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবিলার জন্য বরাদ্দকৃত মানবিক সহায়তার বিবরণ (৩০/০৩/২০২০ খ্রিঃ তারিখ):

| ক্রঃনং | জেলার নাম | ক্যাটাগরি | ২৮-০৩-২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ত্রাণ কার্য (চাল) বরাদ্দ (মেঃটন) | ৩০-০৩-২০২০ খ্রিঃ তারিখে করোনা ভাইরাসে বিশেষ বরাদ্দ ত্রাণ কার্য (চাল) (মেঃ টন) | ২৮-০৩-২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ত্রাণ কার্য (নগদ) বরাদ্দ (টাকা) | ৩০-০৩-২০২০ খ্রিঃ তারিখে করোনা ভাইরাসে বিশেষ বরাদ্দ ত্রাণ কার্য (নগদ) (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা (মহানগরীসহ) | বিশেষ শ্রেণী | ৭০৩ | ২০০ | ২৫৯৯৫০০ | ১০০০০০০ |
| ২ | গাজীপুর (মহানগরীসহ) | বিশেষ শ্রেণী | ৩১৪ | ২০০ | ১৭৬২০০০ | ৫০০০০০ |
| ৩ | ময়মনসিংহ (মহানগরীসহ) | বিশেষ শ্রেণী | ৪৫৬ | ২০০ | ১৩৯২৫০০ | ৫০০০০০ |
| ৪ | ফরিদপুর | A শ্রেণী | ৪০৭ | ১৫০ | ১৪৫৪০০০ | ৪০০০০০ |
| ৫ | কিশোরগঞ্জ | A শ্রেণী | ৬৪৪ | ১৫০ | ১৭০০০০০ | ৪০০০০০ |
| ৬ | নেত্রকোনা | A শ্রেণী | ৭৮৫ | ১৫০ | ১৫০১০০০ | ৪০০০০০ |
| ৭ | টাংগাইল | A শ্রেণী | ৪৪৪ | ১৫০ | ১৪৫০০০০ | ৪০০০০০ |
| ৮ | নরসিংদী | B শ্রেণী | ৩২০ | ১০০ | ১১০৫০০০ | ৩০০০০০ |
| ৯ | মানিকগঞ্জ | B শ্রেণী | ৪৪৭ | ১০০ | ১০৭৭০০০ | ৩০০০০০ |
| ১০ | মুন্সিগঞ্জ | B শ্রেণী | ৪৩৫ | ১০০ | ১১৫৫০০০ | ৩০০০০০ |
| ১১ | নারায়নগঞ্জ (মহানগরীসহ) | B শ্রেণী | ৪৩৫ | ২০০ | ১৪৫৫০০০ | ৫০০০০০ |
| ১২ | গোপালগঞ্জ | B শ্রেণী | ৫১২ | ১০০ | ১৬৭৪০০০ | ৩০০০০০ |
| ১৩ | জামালপুর | B শ্রেণী | ৪৪৪ | ১০০ | ১২৬০০০০ | ৩০০০০০ |
| ১৪ | শরীয়তপুর | B শ্রেণী | ৩৯৮ | ১০০ | ১১৮৫০০০ | ৩০০০০০ |
| ১৫ | রাজবাড়ী | B শ্রেণী | ৪০৭ | ১০০ | ১২৪৫০০০ | ৩০০০০০ |
| ১৬ | শেরপুর | B শ্রেণী | ৪২৪ | ১০০ | ১৩৩০০০০ | ৩০০০০০ |
| ১৭ | মাদারীপুর | C শ্রেণী | ৪৪০ | ৭৫ | ১০০০০০০ | ২০০০০০ |
| ১৮ | চট্রগ্রাম (মহানগরীসহ) | বিশেষ শ্রেণী | ৭৩২ | ২০০ | ২৩৫০০০০ | ৫০০০০০ |
| ১৯ | কক্সবাজার | A শ্রেণী | ৩৯৫ | ১৫০ | ১৩৫২৫০০ | ৪০০০০০ |
| ২০ | রাংগামাটি | A শ্রেণী | ৭১৩ | ১৫০ | ১৪৭০০০০ | ৪০০০০০ |
| ২১ | খাগড়াছড়ি | A শ্রেণী | ৪১৫ | ১৫০ | ১৫০৫০০০ | ৪০০০০০ |
| ২২ | কুমিল্লা (মহানগরীসহ) | A শ্রেণী | ৪১৩ | ২০০ | ১৬৫৫০০০ | ৫০০০০০ |
| ২৩ | ব্রাহ্মণবাড়িয়া | A শ্রেণী | ৫০০ | ১৫০ | ১৫০০০০০ | ৪০০০০০ |
| ২৪ | চাঁদপুর | A শ্রেণী | ৪৩৪ | ১৫০ | ১৪১০০০০ | ৪০০০০০ |
| ২৫ | নোয়াখালী | A শ্রেণী | ৪২৬ | ১৫০ | ১৫০০০০০ | ৪০০০০০ |
| ২৬ | ফেনী | B শ্রেণী | ৮৪৮ | ১০০ | ২২৯৮২৬৪ | ৩০০০০০ |
| ২৭ | লক্ষীপুর | B শ্রেণী | ৭০০ | ১০০ | ১৬১৫০০০ | ৩০০০০০ |
| ২৮ | বান্দরবান | B শ্রেণী | ৪৫২ | ১০০ | ১৩৪০০০০ | ৩০০০০০ |
| ২৯ | রাজশাহী (মহানগরীসহ) | বিশেষ শ্রেণী | ৫৯৮ | ২০০ | ১৫৩৭৫০০ | ৫০০০০০ |
| ৩০ | নওগাঁ | A শ্রেণী | ৩৯২ | ১৫০ | ১৪৫৫০০০ | ৪০০০০০ |
| ৩১ | পাবনা | A শ্রেণী | ৩৮০ | ১৫০ | ১৫১০০০০ | ৪০০০০০ |
| ৩২ | সিরাজগঞ্জ | A শ্রেণী | ৫৫৩ | ১৫০ | ১২১০০০০ | ৪০০০০০ |
| ৩৩ | বগুড়া | A শ্রেণী | ৫১৮ | ১৫০ | ২০৩০০০০ | ৪০০০০০ |
| ৩৪ | নাটোর | B শ্রেণী | ৩৫৫ | ১০০ | ১১১৫০০০ | ৩০০০০০ |
| ৩৫ | চাঁপাইনবাবগঞ্জ | B শ্রেণী | ৩৪৮ | ১০০ | ১৪০৫০০০ | ৩০০০০০ |
| ৩৬ | জয়পুরহাট | B শ্রেণী | ৩৯৬ | ১০০ | ১১০০০০০ | ৩০০০০০ |
| ৩৭ | রংপুর (মহানগরীসহ) | A শ্রেণী | ৬৮৫ | ২০০ | ১৩৯৬৫০০ | ৫০০০০০ |
| ৩৮ | দিনাজপুর | A শ্রেণী | ৪২৬ | ১৫০ | ১৫৯৪০০০ | ৪০০০০০ |
| ৩৯ | কুড়িগ্রাম | A শ্রেণী | ৪৫৮ | ১৫০ | ১৪৪০০০০ | ৪০০০০০ |
| ৪০ | ঠাকুরগাঁও | B শ্রেণী | ৪৪৮ | ১০০ | ১১৮৯০০০ | ৩০০০০০ |
| ৪১ | পঞ্চগড় | B শ্রেণী | ৫৭১ | ১০০ | ১১৪৫০০০ | ৩০০০০০ |
| ৪২ | নীলফামারী | B শ্রেণী | ৪৮১ | ১০০ | ১১০৬০০০ | ৩০০০০০ |
| ৪৩ | গাইবান্ধা | B শ্রেণী | ৪০৯ | ১০০ | ১২৩৫০০০ | ৩০০০০০ |
| ৪৪ | লালমনিরহাট | B শ্রেণী | ৪১২ | ১০০ | ১১১২৫০০ | ৩০০০০০ |
| ৪৫ | খুলনা (মহানগরীসহ) | বিশেষ শ্রেণী | ৬৪০ | ২০০ | ১৩৫৭০০০ | ৫০০০০০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪৬ | বাগেরহাট | A শ্রেণী | ৭৯৩ | ১৫০ | ১৫৫০০০০ | ৪০০০০০ |
| ৪৭ | যশোর | A শ্রেণী | ৪৪৪ | ১৫০ | ১৪২৭০০০ | ৪০০০০০ |
| ৪৮ | কুষ্টিয়া | A শ্রেণী | ৩২০ | ১৫০ | ১৪০০০০০ | ৪০০০০০ |
| ৪৯ | সাতক্ষীরা | B শ্রেণী | ৪০০ | ১০০ | ১১৫০০০০ | ৩০০০০০ |
| ৫০ | ঝিনাইদহ | B শ্রেণী | ৪২৮ | ১০০ | ১১১৬০০০ | ৩০০০০০ |
| ৫১ | মাগুরা | C শ্রেণী | ৩১০ | ৭৫ | ১০৫৪৫০০ | ২০০০০০ |
| ৫২ | নড়াইল | C শ্রেণী | ৩৮৬ | ৭৫ | ১০৪৬৫০০ | ২০০০০০ |
| ৫৩ | মেহেরপুর | C শ্রেণী | ৫১৬ | ৭৫ | ৯৭৫০০০ | ২০০০০০ |
| ৫৪ | চুয়াডাংগা | C শ্রেণী | ৪৫৮ | ৭৫ | ৯৪৯৫০০ | ২০০০০০ |
| ৫৫ | বরিশাল (মহানগরীসহ) | A শ্রেণী | ৩৯৫ | ২০০ | ১৩৫৬০০০ | ৫০০০০০ |
| ৫৬ | পটুয়াখালী | A শ্রেণী | ৪০৬ | ১৫০ | ১৫০০০০০ | ৪০০০০০ |
| ৫৭ | পিরোজপুর | B শ্রেণী | ৪৮৯ | ১০০ | ১৫৭৪০০০ | ৩০০০০০ |
| ৫৮ | ভোলা | B শ্রেণী | ৪৭৭ | ১০০ | ৯২৫০০০ | ৩০০০০০ |
| ৫৯ | বরগুনা | B শ্রেণী | ৪০৮ | ১০০ | ১২৫০০০০ | ৩০০০০০ |
| ৬০ | ঝালকাঠি | C শ্রেণী | ৪০৮ | ৭৫ | ৮৯১৫০০ | ২০০০০০ |
| ৬১ | সিলেট (মহানগরীসহ) | A শ্রেণী | ৫২১ | ২০০ | ১৪৬০০০০ | ৫০০০০০ |
| ৬২ | হবিগঞ্জ | A শ্রেণী | ৬৭৫ | ১৫০ | ১৪২৪০০০ | ৪০০০০০ |
| ৬৩ | সুনামগঞ্জ | A শ্রেণী | ৪৯৫ | ১৫০ | ১৪১০০০০ | ৪০০০০০ |
| ৬৪ | মৌলভীবাজার | B শ্রেণী | ৭৭৫ | ১০০ | ১২৩৫০০০ | ৩০০০০০ |
| | মোট= | | ৩১,২১৭ (একত্রিশ হাজার দুই শত সতের) মেঃ টন | ৮,৪৫০ (আট হাজার চার শত পঞ্চাশ) মেঃ টন | ৮৮৯৭২২৬৪ (আট কোটি উননব্বই লক্ষ বাহাত্তর হাজার দুইশত চৌষট্টি) টাকা | ২৩৫০০০০০ (দুই কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকা |

(সূত্র: ত্রাণ কর্মসূচী-১ শাখার ৩০/০৩/২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৯.১৮.১৫৯)

৩১-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪২৭/১(১৬৬)

তারিখ: ১৭ চৈত্র ১৪২৬
৩১ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১০) জেলা প্রশাসক (সকল)

১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১২) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা, (সকল)

৩১-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)